40

দৈনিক বাংলা

তারিখ 21 AUG 1996
পৃঃ ১ কলাম ৬

# খুলনা মেডিক্যাল কলেজে তালা

নিজস্ব সংবাদদাতা ঃ খুলনা, ২০ আগস্ট।— খুলনা মেডিক্যাল কলেজের অধ্যক্ষের নিবর্তনমূলক বদলির প্রতিবাদ এবং পুনর্বহালের দাবীতে খুলনা মেডিক্যাল কলেজের বিক্ষুব্ধ ছাত্রছাত্রীরা আজ মঙ্গলবার মেডিক্যাল কলেজের প্রশাসনিক

(৫-এর পৃঃ দ্রঃ)

## খুলনা মেডিক্যাল

(প্রথম পৃষ্ঠার পর)

ভবন, ক্লাসরুমসহ সকল বিভাগের সকল কক্ষে তালা লাগিয়ে দেয়। বদলির আদেশ প্রত্যাহার না করা পর্যন্ত তাদের কর্মসূচী অব্যাহত থাকবে। আন্দোলনরত ছাত্র-ছাত্রীরা জানিয়েছে, খুলনা মেডিক্যাল কলেজের অধ্যক্ষ একজন ন্যায়নিষ্ঠ এবং সফল অধ্যক্ষ। তার সফল পরিচালনা এবং নিরলস পরিশ্রমের কারণে বাংলাদেশের নতুন মেডিক্যাল কলেজের মধ্যে খুলনা মেডিক্যালের অবস্থান শীর্ষে। ছাত্ররা অভিযোগ করেন ষড়যন্ত্রমূলকভাবে অধ্যক্ষ জোবায়েদ হোসেনকে বদলি করে খুলনা মেডিক্যাল কলেজকে ধ্বংস করার পরিকল্পনা করা হচ্ছে। তারা যে কোন মূল্যে এ ষড়যন্ত্র প্রতিহত করার অঙ্গীকার ব্যক্ত করে।

এদিকে সংশ্লিষ্ট একটি সূত্র জানিয়েছে, অধ্যক্ষ জোবায়েদ হোসেনকে খুলনা মেডিক্যাল কলেজের অধ্যক্ষ কাম-প্রকল্প পরিচালক হিসাবে বিগত সরকার চুক্তিতে নিয়োগ দেয়। তিনিও চুক্তিপত্রে এই মর্মে স্বাক্ষর দেন, শুধুমাত্র খুলনা মেডিক্যাল কলেজের উন্নয়ন এবং প্রকল্প বাস্তবায়নের জন্যই তিনি চুক্তিবদ্ধ। সেসময় থেকেই শারীরিক অসুস্থতার কারণে তিনি ছাত্রদের পড়ানো কিংবা লিখতে পারতেন না। অধ্যক্ষ জোবায়েদ হোসেনের হাত এবং পা প্যারালাইসিস-এর কারণে পুরো সচল নেই।

এছাড়া সূত্রটি আরও জানায় বিগত পাঁচ বছর যাবৎ তিনি বিনা বেতন-ভাতায় মেডিক্যাল কলেজের অধ্যক্ষ হিসাবে দায়িত্ব পালন করেছেন। এ পরিস্থিতিতে অধ্যক্ষ জোবায়েদ হোসেনের বদলি একদিকে যেমন তার ওপর সুবিচার করা হয়নি, অন্যদিকে চাকরি বিধিরও ব্যত্যয় ঘটানো হয়েছে।

এদিকে খুলনা মেডিক্যাল কলেজের শিক্ষকবৃন্দ এবং কর্মচারীবৃন্দ অধ্যক্ষকে এ ধরনের বদলি সঠিক হয়নি বলে অভিমত ব্যক্ত করেছেন। এদিকে অধ্যক্ষ জোবায়েদ হোসেন এক চিঠিতে তার নতুন কর্মস্থল সরকারের সঙ্গে তার পূর্ব চুক্তির শর্তের ভিতর পড়ে না বলে তিনি সেখানে যোগদান করেননি।